

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স- ১৬১০

আগরতলা, ২৫ অক্টোবর, ২০২৪

২৯ অক্টোবর নবম আয়ুর্বেদ দিবস

আগামী ২৯ অক্টোবর রাজ্যে বিভিন্ন অনুষ্ঠানের মধ্য দিয়ে নবম আয়ুর্বেদ দিবস উদযাপন করা হবে। এবারের আয়ুর্বেদ দিবসের ভাবনা হচ্ছে বিশ্ব স্বাস্থ্যের জন্য আয়ুর্বেদের উদ্ভাবন (Ayurveda Innovation for Global Health)। এবছরের আয়ুর্বেদ দিবস উদযাপনের মূল লক্ষ্য হলো আয়ুর্বেদ উদ্ভাবন এবং এর মাধ্যমে বিশ্ব স্বাস্থ্যকে উন্নত করা। আজ আগরতলা প্রেস ক্লাবে এক সাংবাদিক সম্মেলনে শিলংস্থিত নর্থ ইস্টার্ন ইনস্টিটিউট অব আয়ুর্বেদা অ্যান্ড হোমিওপ্যাথির সিনিয়র অ্যাসিস্টেন্ট প্রফেসর ডা. বিষ্ণু চৌধুরী একথা জানান। সাংবাদিক সম্মেলনে তিনি জানান, তিনটি প্রধান কার্যক্রমের মধ্য দিয়ে এবারের নবম আয়ুর্বেদ দিবস উদযাপন করা হবে। এরমধ্যে রয়েছে জন সন্দেশ, জন ভাগিদারি ও জন আন্দোলন। রাজ্যে নবম আয়ুর্বেদ দিবস উদযাপনে আগামী ২৯ অক্টোবর আগরতলার প্রজ্ঞাভবনে রাজ্যভিত্তিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। এই অনুষ্ঠানের উদ্বোধন করবেন মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা।

সাংবাদিক সম্মেলনে নর্থ ইস্টার্ন ইনস্টিটিউট অব আয়ুর্বেদা অ্যান্ড হোমিওপ্যাথির সিনিয়র অ্যাসিস্টেন্ট প্রফেসর ডা. বিষ্ণু চৌধুরী জানান, বর্তমান যুগে বিশ্ব স্বাস্থ্য উন্নয়ন ও মানুষের জীবনযাত্রার মানোন্নয়নে আয়ুর্বেদ একটি গুরুত্বপূর্ণ ভূমিকা নিচ্ছে। নবম আয়ুর্বেদ দিবস উদযাপনের মধ্য দিয়ে আয়ুর্বেদ চর্চা এবং উদ্ভাবনকে আরও প্রসারিত করার প্রচেষ্টা নেওয়া হবে। সাংবাদিক সম্মেলনে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন নর্থ ইস্টার্ন ইনস্টিটিউট অব আয়ুর্বেদা অ্যান্ড হোমিওপ্যাথির ডা. হিমাংশু বড়ুয়া, স্টেট আয়ুষ্ মিশন ত্রিপুরার শাখা আধিকারিক (হোমিওপ্যাথি) ডা. সুব্রত দেব, স্টেট আয়ুষ্ মিশন ত্রিপুরার শাখা আধিকারিক (আয়ুর্বেদ) ডা. অলক দেববর্মা প্রমুখ।

\*\*\*\*\*